

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৪৬

৩৬/ জান্নাতের বিবরণ (الله عن رسول الله عن ال

পরিচ্ছেদঃ ১৩. জান্নাতীদের কাতারসমূহের বর্ণনা

আরবী

حَدَّقَنَا حُسَيْنُ بْنُ يَزِيدَ الطَّحَّانُ الْكُوفِيُّ، حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنْ ضِرَارِ بْنِ مُرَّةً، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه عَنْ مُحَارِب بْنِ دَثَارٍ، عَنِ ابْنِ بُرَيْدَة، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَهْلُ الْجَنَّةِ عِشْرُونَ وَمِائَةُ صَفَّ تَمَانُونَ مِنْهَا مِنْ هَذِهِ الأُمَّةِ وَأَرْبَعُونَ مِنْ سَائِرِ اللَّمَ إِلَّهُ عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رُويِيَ هَذَا الْحَدِيثُ عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْتَد عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً وَمِنْهُمْ مَنْ قَالَ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً وَمِنْهُمْ مَنْ قَالَ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ وَحَديثُ أَبِي سِنَانٍ عَنْ مُحَارِب بْنِ دِثَارٍ حَسَنٌ . وَأَبُو سِنَانٍ الشَّيْبَانِيُّ اسْمُهُ سَعِيدُ بْنُ سِنَانٍ وَهُو بَصَرْرِيٌّ وَأَبُو سِنَانٍ الشَّامِيُّ اسْمُهُ عَيسَى بْنُ سِنَانٍ هُو الْقَسْمَلِيُّ .

বাংলা

২৫৪৬। বুরাইদাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জান্নাতীদের একশত বিশটি কাতার হবে, তার মধ্যে এই উম্মাতের হবে আশিটি কাতার এবং অন্যান্য সকল উন্মাতের হবে চল্লিশটি।

সহীহঃ ইবনু মা-জাহ (৪২৮৯)।

আবৃ ঈসা বলেন, এই হাদীসটি হাসান। এই হাদীসটি আলকামা ইবনু মারসাদ হতে, তিনি সুলাইমান ইবনু বুরাইদাহ হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সূত্রে মুরসাল হিসেবেও বর্ণিত আছে। বর্ণনাকারীগণের মধ্যে কেউ বলেছেন, সুলাইমান ইবনু বুরাইদাহ হতে তার বাবার সূত্রে বর্ণিত। আবৃ সিনান-মুহারিব ইবনু দিসার সূত্রে বর্ণিত হাদীসটি হাসান। আবৃ সিনানের নাম যিরার ইবনু মুররাহ এবং আবৃ সিনান আশ-শাইবানীর নাম সাঈদ ইবনু সিনান, তিনি বাসরাবাসী। আবৃ সিনান আশ-শামীর নাম ঈসা ইবনু সিনান আল-কাসমালী।



English

Ibn Buraidah narrated from his father that the Messenger of Allah (s.a.w)said:

"The people of Paradise are a hundred and twenty rows, eighty of them are from this nation, and forty are from the rest of the nations."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন